# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

সূত্র নং- প্রকা/শানিব্যউবি-১(৫৯)অংশ-২/২০২৪-২০২৫/১৩৪ তারিখঃ ৩০ জুলাই ২০২৪

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
শাখা ব্যবস্থাপক, সকল শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ** বিভিন্ন সঞ্চয়ী স্কীমের কিস্তি এবং অর্থ পরিশোধ প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৪ জুলাই ২০২৪ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪ এবং এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে বিগত ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত অনেক আমানতকারী নির্ধারিত সময়ের মধ্যে ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কীমের কিস্তি ও অর্থ পরিশোধ করতে সক্ষম হননি। তদপ্রেক্ষিতে ব্যাংক এ পরিচালিত ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কীমের কিস্তি ও অর্থ পরিশোধ সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সংযুক্ত সার্কুলার এর আলোকে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলো ঃ

(ক) ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কীমের কিস্তি গ্রাহক কর্তৃক ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এর উপর কোনো ধরনের বিলম্ব ফি বা জরিমানা আদায়/আরোপ করা যাবে না। এছাড়া, উল্লিখিত সময়ে কোনো সঞ্চয়ী স্কীমের কিস্তি পরিশোধে গ্রাহকের অসমর্থতার কারণে তা বন্ধ/বাতিল করা যাবে না এবং পূর্বঘোষিত হারের তুলনায় কম সুদ/মুনাফা প্রদান করা যাবে না।

(খ) ইতোমধ্যে বর্ণিত ডিপিএস এবং বিভিন্ন সঞ্চয়ী স্কীমের উপর কোনো প্রকারের বিলম্ব ফি/জরিমানা আদায়/আরোপ করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত পরিস্থিতির প্রেক্ষিতে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি-বর্ণনামতে।

৩০.০৭.২৪
কে. এম. হাবিব-উন-নবী
উপমহাব্যবস্থাপক

সূত্র নং- প্রকা/শানিব্যউবি-১(৫৯)অংশ-২/২০২৪-২০২৫/১৩৪ তারিখঃ ৩০ জুলাই ২০২৪

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। পরিচালক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্ বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

৩০/০৭/২০২৪
জাহানারা রায়হানুল ফেরদৌসী
সহকারী মহাব্যবস্থাপক

E:\OFFICIAL FILE\DEPOSIT RELATED\DPS Schemes Installment Deposit .Doc

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪

২৪ জুলাই ২০২৪
তারিখ: -----------------
০৯ শ্রাবণ ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ৪০৮ তারিখঃ ২৫.০৭.২৪
ডিএমডি/জিএম/ডিজিএম ২
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ঋণ ও ক্রেডিট কার্ডের বকেয়া পরিশোধ এবং বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি প্রদান প্রসঙ্গে**

দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অনেক ঋণগ্রহীতা ও ক্রেডিট কার্ড গ্রাহকগণ ব্যাংকে তাঁদের বকেয়া অর্থ নির্ধারিত সময়ে পরিশোধ করতে সক্ষম হননি। এছাড়া, অনেক আমানতকারী ডিপোজিট পেনশন স্কিম (ডিপিএস)সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি নির্ধারিত সময়ে জমা প্রদান করতে পারেননি।

২। বর্ণিত প্রেক্ষাপটে, ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের বকেয়া অর্থ পরিশোধ, ক্রেডিট কার্ডের বিল এবং ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) ঋণ এবং ক্রেডিট কার্ডের পরিশোধযোগ্য অর্থ আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এরূপ বকেয়া অর্থের উপর কোনো প্রকারের সুদ/মুনাফা এবং দন্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।

(খ) ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রাহক কর্তৃক ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এর উপর কোনো ধরনের বিলম্ব ফি বা জরিমানা আদায়/আরোপ করা যাবে না। এছাড়া, উল্লিখিত সময়ে কোনো সঞ্চয়ী স্কিমের কিস্তি পরিশোধে গ্রাহকের অসমর্থতার কারণে তা বন্ধ/বাতিল করা যাবে না এবং পূর্বঘোষিত হারের তুলনায় কম সুদ/মুনাফা প্রদান করা যাবে না।

(গ) ইতোমধ্যে বর্ণিত ঋণ/ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা ও দন্ড সুদ/বিলম্ব ফি এবং ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের উপর কোনো প্রকারের বিলম্ব ফি/জরিমানা আদায়/আরোপ করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 076 তারিখ 25/7/24
বিভাগ GM (CP)
ডিএমডি-২

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- 06 তারিখ 28/07/24
উমব্য, ক্রেডিট/আঃ বাণিজ্য/
বিসিসিডি
মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
নং 09 তারিখ 29/07/24
AGM-2

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৪

তারিখ: ০৯ শ্রাবণ ১৪৩১
২৪ জুলাই ২০২৪

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 409 তারিখঃ 25.07.24
ডিএমডি/জিএম/ডিজিএমঃ ২
ব্যবস্থাপনা পরিচালক

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

**ঋণের কিস্তি এবং বিভিন্ন সঞ্চয়ী স্কিমের অর্থ পরিশোধ প্রসঙ্গে**

দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অনেক ঋণগ্রহীতা তাদের বকেয়া অর্থ নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ/সমন্বয় করতে সক্ষম হননি। এছাড়াও, অনেক আমানতকারী তাদের বিভিন্ন সঞ্চয়ী স্কিমের অর্থ নির্ধারিত সময়ে জমা প্রদান করতে পারেননি।

২। বর্ণিত প্রেক্ষাপটে, ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের বকেয়া অর্থ পরিশোধ এবং বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) ঋণের বকেয়া অর্থ আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এরূপ বকেয়া অর্থের উপর কোনো প্রকার সুদ/মুনাফা এবং দন্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আরোপ/আদায় করা যাবে না।

(খ) বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রাহক কর্তৃক ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এর উপর কোনো ধরনের বিলম্ব ফি বা জরিমানা আরোপ/আদায় করা যাবে না। এছাড়া, উল্লিখিত সময়ে কোনো সঞ্চয়ী স্কিমের কিস্তি পরিশোধে গ্রাহকের অসমর্থতার কারণে তা বন্ধ/বাতিল করা যাবে না এবং পূর্বঘোষিত হারের তুলনায় কম সুদ/মুনাফা প্রদান করা যাবে না।

(গ) ইতোমধ্যে বর্ণিত ঋণের উপর সুদ/মুনাফা ও দন্ড সুদ/বিলম্ব ফি এবং বিভিন্ন সঞ্চয়ী স্কিমের উপর কোনো প্রকারের বিলম্ব ফি/জরিমানা আরোপ/আদায় করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।

উপ-ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়-২
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং 075 তারিখ 25-7-24
বিভাগ GM (CP)
ডিএমডি-২

মহাব্যবস্থাপক (পরি ও পরি) এর দপ্তর
নং- 69 তারিখ 26/07/24
উমবয্য, ক্রেডিট/আঃ বাণিজ্য/ফরেন রেমিঃ
বিসিবিডি
মহাব্যবস্থাপক